

তারিখ - 27 JUL 2005

প্রথম আলো

## কুমিল্লা জেলা প্রশাসনের সন্ধান্ত এসএসসি ও দাখিলের নির্বাচনী পরীক্ষা হবে অভিন্ন প্রশ্নপত্রে

নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা

কুমিল্লায় এখন থেকে পুরো জেলায় অভিন্ন প্রশ্নপত্রে এসএসসি ও দাখিলের নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত এ নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য বোর্ডের চূড়ান্ত পরীক্ষায় অংশ নিতে পারবে না।

জেলা প্রশাসক মোঃ মিজানুর রহমান গতকাল মঙ্গলবার স্কুল ও মাদ্রাসাপ্রধানদের এক সমাবেশে প্রশাসনের এ সিদ্ধান্তের কথা জানান। জেলা শিক্ষকদা একাডেমী মিলনায়তনে আয়োজিত এই সমাবেশে জেলার

প্রায় সাত্বে ৬০০ স্কুল ও প্রায় ৩০০ মাদ্রাসার প্রধানরা অংশ নেন।

জেলা শিক্ষা কর্মকর্তা আবদুল জলিল মিয়ান সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) আবদুল ওয়াদুদ, শিক্ষক নেতায়োদ্যোগের মোসদেহউদ্দিন, সুদতান আহমেদ, আবদুল কব্বস, মাওলানা আলী হোসেন, মোঃ মোঃ মাইনউদ্দিন সিরাজী প্রমুখ।

সমাবেশে স্কুল ও মাদ্রাসাপ্রধানরা প্রশাসনের এ সিদ্ধান্তের বিরোধিতা করে বলেন, এ উদ্যোগ শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডের এর আগের দেওয়া সিদ্ধান্তের পরিপন্থী। এ সিদ্ধান্ত বোর্ডের বিকল্প ও সমান্তরাল কার্যক্রম হিসেবে পরিগণিত হবে। তারা যুক্তি তুলে ধরে বলেন, নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য অনেক ছাত্র অনেক সময় চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য হয়।